# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় ঃ** হিসাববিজ্ঞান ২য় পত্র **(সৃজনশীল)** বিষয় কোড | ২ | ৫ | ৪ |

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

## ক বিভাগ

**১.** ► সোনার বাংলা লিমিটেড–এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ:

**রেওয়ামিল**
২০১৬ ডিসেম্বর ৩১

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ভাড়া খরচ (1/5 অংশ) | | ২,৫০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ৩,০০,০০০ | ৪,৫০,০০০ |
| ৩. | প্রাপ্য ও প্রদেয় | | ৫০,০০০ | ৩৫,০০০ |
| ৪. | বিজ্ঞাপন | | ১৫,০০০ | |
| ৫. | বাট্টা | | ৪,০০০ | ৫,০০০ |
| ৬. | অনাদায়ী দেনা ও অনাদায়ী দেনা সঞ্চিতি | | ২,৫০০ | ১,৫০০ |
| ৭. | আয়কর ও আয়কর সঞ্চিতি | | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৮. | অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | ৫০,০০০ | |
| ৯. | শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা করে ৩,৫০০ শেয়ার) | | | ৩,৫০,০০০ |
| ১০. | সংরক্ষিত আয় (১-১-১৬) | | | ৪০,০০০ |
| ১১. | বিমা খরচ (৩১-৩-১৭ পর্যন্ত ১ বছরের জন্য) | | ৬,০০০ | |
| ১২. | যন্ত্রপাতি | | ১,০০,০০০ | |
| ১৩. | ব্যাংক জমা | | ১,৫০,০০০ | |
| ১৪. | উপভাড়া | | | ৪,০০০ |
| ১৫. | ৬% ঋণ | | | ১৬,০০০ |
| ১৬. | সুনাম | | ১,৭৪,৫০০ | |
| ১৭. | মজুদ পণ্য (১/১/১৬) | | ৫০,০০০ | |
| | | | ৯,১৯,৫০০ | ৯,১৯,৫০০ |

Teachingbd24.com

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬০,০০০ টাকা ২৫/১২/১৬ তারিখে ৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়। বিমা কোম্পানি কোনো রূপ ক্ষতিপূরণ দিতে সম্মত হয়নি। ২. ধারে বিক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৩. উক্ত বছরে মোট অনাদায়ী দেনার পরিমাণ ছিল ৩,০০০ টাকা। এছাড়া অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি আরও ২,৫০০ টাকা দ্বারা বৃদ্ধি করো। ৪. নিট লাভের ১৫,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করো। ৫. শেয়ার প্রতি ৫ টাকা করে লভ্যাংশ ঘোষণা করো। ৬. বিক্রয় ফেরত ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট আদায়যোগ্য প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উক্ত কোম্পানির পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিট মুনাফা ১,৪৭,৭৯০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২. ▶ লান লিমিটেড-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ:

রেওয়ামিল
২০১৬ ডিসেম্বর ৩১

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | হাতে নগদ | | ৫০,০০০ | |
| ২. | সাধারণ সঞ্চিতি | | | ৪৫,১০০ |
| ৩. | শেয়ার মূলধন (প্রতিটি ৫ টাকা করে ৫০,০০০ শেয়ারে বিভক্ত) | | | ২,৫০,০০০ |
| ৪. | ৮% ঋণপত্র | | | ৮০,০০০ |
| ৫. | বেতন (১০ মাস) | | ২৪,০০০ | |
| ৬. | মজুদ পণ্য (১-১-১৬) | | ১২,০০০ | |
| ৭. | প্রাপ্য ও প্রদেয় | | ১,০০,০০০ | ২৫,০০০ |
| ৮. | ফেরত | | ২,০০০ | ৪,০০০ |
| ৯. | ক্রয় ও বিক্রয় | | ৫০,০০০ | ১,০৪,৯০০ |
| ১০. | দালানকোঠা | | ১,১৬,০০০ | |
| ১১. | লভ্যাংশ প্রদান | | ৪,০০০ | |
| ১২. | সুনাম | | ৬০,০০০ | |

Teachingbd24.com

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১৩. | শেয়ার আবেদন | | | ২০,০০০ |
| ১৪. | অনাদায়ী দেনা সঞ্চিতি | | | ২,০০০ |
| ১৫. | প্রাপ্য কমিশন | | ২,৪০০ | |
| ১৬. | শুল্ক | | ৩,৬০০ | |
| ১৭. | ১০% বিনিয়োগ | | ১,৮০,০০০ | |
| ১৮. | শেয়ার হস্তান্তর ফিস | | | ২০,০০০ |
| ১৯. | সংরক্ষিত আয় (০১/০১/১৬) | | | ৫০,০০০ |
| | | | ৬,০১,০০০ | ৬,০১,০০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ২৫,০০০ টাকা। ২. প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি তৈরি করো। ৩. আয়কর সঞ্চিতি বাবদ ৫,০০০ টাকা রাখতে হবে। ৪. শেয়ার অধিহার দ্বারা সুনাম অবলোপন করো এবং অবশিষ্ট সুনামের ১০,০০০ টাকা পর্যন্ত চলতি সালের মুনাফার সাথে সমন্বয় পূর্বক অবলোপন করো। ৫. শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৬. বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রেরিত ৫,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয়ের অন্তর্ভুক্ত থাকলেও এখনও বিক্রয় হয়নি। উক্ত পণ্যের ক্রয়মূল্য ছিল ৪,০০০ টাকা।

ক. সান লিমিটেড-এর অপরিচালন আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সান লিমিটেড-এর মোট লাভ/মোট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সান লিমিটেড-এর সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ৫৭,৬০০ টাকা ধরে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ বিভাগ

৩.► ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিশান ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হলো:

**নিশান ক্লাব**

ডেবিট **প্রাপ্তি ও প্রদান হিসাব** ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৬) | ২,৫০০ | বেতন | ১৫,০০০ |
| প্রবেশ ফি | ৪,০০০ | মজুরি | ১৪,৪০০ |
| চাঁদা: | | ভাড়া প্রদান | ১০,০০০ |

Teachingbd24.com

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫ | ৫০০ | | আসবাবপত্র (১/৭/১৬) | ২৩,০০০ |
| ২০১৬ | ৩২,৫০০ | | মেরামত | ৩,৫০০ |
| ২০১৭ | ৮০০ | ৩৩,৮০০ | কল্যাণ তহবিল হতে দান | ৫,০০০ |
| অনুদান | | ১৫,০০০ | খাদ্যসামগ্রী ও পানীয় ক্রয় | ৭,৫০০ |
| নাটিকের টিকিট বিক্রয় | | ১০,০০০ | উদ্বৃত্ত (৩১-১২-১৬) | ৯,৪০০ |
| কল্যাণ তহবিলে প্রাপ্তি | | ৮,৫০০ | | |
| চা-চক্র হতে মুনাফা | | ৯,৫০০ | | |
| বিনিয়োগের সুদ | | ৪,৫০০ | | |
| | | ৮৭,৮০০ | | ৮৭,৮০০ |

২০১৬ সালের ১ জানুয়ারি তারিখের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ:
যন্ত্রপাতি ২০,০০০ টাকা, আসবাবপত্র ১৫,০০০ টাকা, খেলার সরঞ্জাম ৪০,০০০ টাকা, ১৫% বিনিয়োগ ৬০,০০০ টাকা, কল্যাণ তহবিল ২৫,০০০ টাকা।

অন্যান্য তথ্য: ১. চলতি সালের চাঁদা বাবদ ২,৫০০ টাকা অনাদায়ী রয়েছে। ২. বেতন ২,০০০ টাকা এবং মজুরি ১,০০০ টাকা বকেয়া আছে। পক্ষান্তরে ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ১,০০০ টাকা। ৩. অনুদানের ⅕ অংশ কল্যাণ তহবিলে স্থানান্তর করো এবং অবশিষ্টাংশ মূলধন জাতীয় আয় হিসাবে গণ্য করো। ৪. স্থায়ী সম্পত্তির ওপর অবচয় ধার্য করো ১০% হারে।

ক. কল্যাণ তহবিলের সমাপনী উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২
খ. নিশান ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. নিশান ক্লাবে ব্যয়াতিরিক্ত আয়/আয়াতিরিক্ত ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৪. ▶ A, B, C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ ক্ষতির অনুপাত ৫ : ৪ : ১। ২০১৬ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৮০,০০০, ১,২০,০০০ ও ৬০,০০০ টাকা। বছরের মাঝামাঝি সময়ে A ১,০০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করেন। তারা প্রত্যেকে প্রতি মাসের মাঝামাঝিতে ২,০০০ টাকা করে নগদে উত্তোলন করেন। B নগদ উত্তোলন ছাড়াও ৩,০০০ টাকা মূল্যের পণ্যও উত্তোলন করেন যা হিসাবভুক্ত হয়নি। চুক্তি মোতাবেক C তার সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য ২,০০০ টাকা করে প্রতি মাসে বেতন পান। মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। A ও B যৌথভাবে C কে নিশ্চয়তা দেয় যে, তিনি মূলধনের সুদ ও বেতন ছাড়াও মুনাফার অংশ বাবদ কমপক্ষে ৩০,০০০ টাকা পাবেন। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর C-এর বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সমূহ সাধনের পূর্বে ব্যবসায়ের মুনাফা দাঁড়ায় ১,৮০,০০০ টাকা।

teachingbd24.com

https://teachingbd24.com

ক. A-এর ঋণ হিসাব প্রস্তুত করো। ২

খ. একটি লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. A এবং B-এর মুনাফার পরিমাণ যথাক্রমে ৪৫,৫০০ এবং ৫২,৫০০ টাকা ধরে তাদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

৫. ▶ যমুনা লি.-এর কার্যাবলি নিম্নরূপ:

| | |
|---|---|
| নিট মুনাফা | ১,১০,০০০ টাকা |
| অবচয় | ১৫,০০০ টাকা |
| যন্ত্রপাতি বিক্রয়জনিত ক্ষতি | ২,০০০ টাকা |
| ঋণ পরিশোধ | ৫০,০০০ টাকা |
| প্রদেয় হিসাবে হ্রাস | ১৫,০০০ টাকা |
| প্রাপ্য হিসাবে বৃদ্ধি | ১০,০০০ টাকা |
| মজুদ পণ্যের বৃদ্ধি | ৮,০০০ টাকা |
| ভূমি ও দালান ক্রয় | ১,৫০,০০০ টাকা |
| যন্ত্রপাতি বিক্রয় | ২২,০০০ টাকা |
| শেয়ার মূলধন ইস্যু | ১,৫০,০০০ টাকা |
| আসবাবপত্র ক্রয় | ২০,০০০ টাকা |

ক. অর্থায়ন কার্যাবলি হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যাবলি হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. বিনিয়োগ কার্যাবলি হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪

Teachingbd24.com

৬. ▶ ধারা কোম্পানি লি. ৭,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৭০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি-এর মধ্যে ৫০,০০০ শেয়ার ১০% প্রিমিয়ামে বাজারে ইস্যু করে। ৬০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল,-এর মধ্যে ৫০,০০০ শেয়ার বণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। উক্ত কোম্পানি অবলেখকের কমিশন বাবদ ১৭,০০০ টাকা প্রদান করে।

ক. কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করো। ২

খ. উপরোক্ত তথ্যাবলি হতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রস্তুত করো। ৪

গ. উপরোক্ত তথ্যাবলি হতে একটি আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

https://teachingbd24.com

৭. ▶ শুভ কোম্পানি লিমিটেড-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিম্নে দেয়া হলো:

| মূলধন ও দায় | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৯০,০০০ | যন্ত্রপাতি | ৪০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪০,০০০ | মজুদ পণ্য | ১৫,০০০ |
| সংরক্ষিত আয় | ২৫,০০০ | প্রাপ্য | ২০,০০০ |
| ৬% ঋণপত্র | ২৫,০০০ | ইজারা সম্পদ | ১,০০,০০০ |
| প্রদেয় | ১৫,০০০ | ব্যাংক জমা | ১৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ | নগদ তহবিল | ১০,০০০ |
| | ২,০০,০০০ | | ২,০০,০০০ |

অন্যান্য তথ্য: মোট লাভ ৫০,০০০ টাকা, করবাদে নিট লাভ ২৫,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ২,৬০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ২০,০০০ টাকা।

ক. মোট বিক্রয়-এর পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় করো। ৪

৮. ▶ আদনান ইন্ডাস্ট্রিজ-এর প্রাপ্তি ও ইস্যুকৃত কাঁচামালের তথ্যাদি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জানু. | ১ | প্রারম্ভিক জের প্রতি একক ৫.০০ টাকা করে ৮০০ একক। |
| " | ৬ | প্রতি একক ৭.০০ টাকা দরে ৮০০ একক প্রাপ্তি। |
| " | ৭ | ৫০০ একক ইস্যু/বিক্রয় করা হলো। |
| " | ১০ | প্রতি একক ৮.০০ টাকা দরে ৩০০ একক প্রাপ্তি। |
| " | ১৫ | ৪০০ একক ইস্যু করা হলো। |
| " | ২৩ | সরবরাহকারীকে ৫০০ একক ফেরত। |
| " | ২৫ | প্রতি একক ৯.০০ টাকা দরে ২০০ একক প্রাপ্তি। |
| " | ৩১ | ২৫০ একক ইস্যু করা হলো। |

ক. সমাপনী মজুদ এককের পরিমাণ নির্ণয় করো। ২

খ. FIFO পদ্ধতিতে একটি মজুদ খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে একটি মজুদ খতিয়ান প্রস্তুত করো। ৪

৯. ▶ এশিয়ান পেইন্টস কারখানাতে চারজন শ্রমিক কাজ করে। ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরির হার ২০ টাকা। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দ্বিগুণ। শ্রমিকরা এছাড়া ৪০% বাড়িভাড়া ভাতা ও ১০% যাতায়াত ভাতা পায়।

Teachingbd24.com

শ্রমিকদের ১০% হারে পেনশন তহবিল ও ২% কল্যাণ তহবিলে কর্তন করার পর তাদের মজুরি পরিশোধ করা হয়। ২০১৭ সালের মে মাসের ১ম সপ্তাহে শ্রমিকদের কর্মঘণ্টা নিম্নরূপ:

| শ্রমিককের নাম | স্বাভাবিক কর্মঘণ্টা | ওভারটাইম ঘণ্টা |
|---|---|---|
| আবুল | ৪৮ | ১০ |
| বাবুল | ৪৮ | ১৪ |
| সেলিম | ৪৮ | ১৫ |
| নিজাম | ৪৮ | ১২ |

ক. শ্রমিকদের ওভার টাইম মজুরির পরিমাণ নির্ণয় করো। ২

খ. মে মাসের ১ম সপ্তাহের প্রতিষ্ঠানের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মে মাসের ১ম সপ্তাহ, ২০১৭-এর একটি মজুরি বিবরণী প্রস্তুত করো। ৪

১০.► মি. তানহা জেনারেশন ফ্যাশন হাউজ-এর কর্ণধার। তার প্রতিষ্ঠানে ৫৫,০০০ পিস শার্ট তৈরিতে নিম্নলিখিত খরচগুলো সংঘটিত হয়েছিল:

কাপড় ক্রয় ১০,০০,০০০ টাকা

প্রত্যক্ষ মজুরি ৩,০০,০০০ টাকা

প্রত্যক্ষ খরচাবলি ১,৫০,০০০ টাকা

কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ কাঁচামালের ৫০%)

অফিস ও প্রশাসনিক উপরিব্যয় (উৎপাদনের ব্যয়ের ১০%)

বিক্রয় ও বন্টন উপরিব্যয় (কারখানা উপরিব্যয়ের ৫%)।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরোক্ত তথ্যাবলি হতে একটি উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. যদি কোম্পানি বিক্রয়ের ওপর ২০% মুনাফা অর্জন করতে চান, তাহলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১.► জাকিয়া কোম্পানি লি. একটি পণ্য উৎপাদন করে। পণ্যের প্রতি এককের বিক্রয়মূল্য ১০০ টাকা। এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় ৫০ টাকা। বার্ষিক স্থায়ী ব্যয় ২,০০,০০০ টাকা। সারা বছরে উৎপাদনের পরিমাণ ২০,০০০ একক।

ক. জাকিয়া লি.-এর এককপ্রতি মুনাফার পরিমাণ নির্ণয় করো। ২

খ. জাকিয়া লি.-এর সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয় করো। ৪

গ. জাকিয়া লি.-এর নতাংশ অনুপাত ও নিরাপত্তা প্রান্ত অনুপাত নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট — বহুনির্বাচনি অভিক্ষা — পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎসসমূহ হচ্ছে—
i. চাঁদা
ii. অনুদান প্রাপ্তি
iii. পণ্য বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২. অব্যবসায়ী প্রতিষ্ঠানের হিসাবের অংশ নয় কোনটি?
ক আয়-ব্যয় বিবরণী
খ আয় বিবরণী
গ আর্থিক অবস্থার বিবরণী
ঘ প্রাপ্তি-প্রদান বিবরণী

৩. চাঁদার ক্ষেত্রে নিচের কোন বিবরণীটি সঠিক?
ক চাঁদা – পূর্ববর্তী বছরের বকেয়া – পরবর্তী বছরের অগ্রিম + চলতি বছরের বকেয়া
খ চাঁদা + পূর্ববর্তী বছরের বকেয়া – পরবর্তী বছরের অগ্রিম + চলতি বছরের বকেয়া
গ চাঁদা – পূর্ববর্তী বছরের বকেয়া + পরবর্তী বছরের অগ্রিম + চলতি বছরের বকেয়া
ঘ চাঁদা – পূর্ববর্তী বছরের বকেয়া + পরবর্তী বছরের অগ্রিম – চলতি বছরের বকেয়া

উদ্দীপকটি পড়ো এবং ৪-৬ নং প্রশ্নের উত্তর দাও।

A, B, C একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০১৬ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। অংশীদারদের সম্মতিতে মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধার্য করা হয়। ৩০ জুন, ২০১৬ A ব্যবসায়ে অতিরিক্ত মূলধন বাবদ ২০,০০০ টাকা আনেন। সারা বছর ব্যাপী তারা প্রত্যেকে প্রতি মাসের শেষে যথাক্রমে উত্তোলন করেন ৩,০০০ টাকা, ২,৪০০ টাকা ও ১,২০০ টাকা।

৪. অংশীদারদের প্রারম্ভিক মূলধন অনুপাত কত?
ক ২ : ২ : ১  খ ৩ : ২ : ১
গ ৪ : ৩ : ১  ঘ ৪ : ৩ : ২

৫. 'A' এর মূলধনের সুদ কত টাকা?
ক ৫,০০০  খ ৭,৫০০
গ ১০,০০০  ঘ ১১,০০০

৬. 'C' এর উত্তোলনের সুদ কত টাকা?
ক ৬৬০  খ ৭৭০
গ ৯৯০  ঘ ১,০০০

৭. মজুদ পণ্যের মূল্য বৃদ্ধি— এটি কোন ধরনের কার্যাবলি (নগদ প্রবাহ বিবরণীতে)?
ক পরিচালন  খ বিনিয়োগ
গ অর্থায়ন  ঘ সহকারী

৮. প্রদেয় হিসাবের হ্রাস- এটি কি ধরনের কার্যাবলি?
ক পরিচালন  খ বিনিয়োগ
গ অর্থায়ন  ঘ অ-নগদ

৯. বন্ডের অর্থ পরিশোধ— কি ধরনের কর্মকাণ্ড?
ক পরিচালন  খ বিনিয়োগ
গ অর্থায়ন  ঘ অনগদ অর্থায়ন

১০. যৌথমূলধনী কোম্পানি হতে শেয়ারহোল্ডাররা— পায়।
ক কমিশন  খ লভ্যাংশ
গ সুদ  ঘ মুনাফা

১১. কোম্পানির প্রসপেক্টাসের প্রধান উদ্দেশ্য হচ্ছে—
i. শেয়ার বিক্রয়
ii. ঋণপত্র বিক্রয়
iii. আবেদনপত্র বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১২. পরিচালনা পর্ষদ হচ্ছে কোম্পানির—
i. উচ্চতর ক্ষমতাসম্পন্ন ব্যক্তিত্ব
ii. কর্মচারী
iii. কোম্পানির এজেন্ট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৩-১৫ নং প্রশ্নের উত্তর দাও।

রেবতামিলে, ক্রয় (ভ্যাটসহ) ১,৩০,০০০ টাকা; বিক্রয় (ভ্যাটসহ) ২,৩৫,০০০ টাকা; আন্তঃফেরত ৪,০০০ টাকা; বহিঃফেরত ৫,০০০ টাকা; ব্যবসায়িক বাট্টা (প্রেরিত) ৬,০০০ টাকা। সমবছরে পণ্য উত্তোলন ১০,০০০ টাকা; অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা।

১৩. ক্রয় ভ্যাট এর পরিমাণ কত টাকা?
ক ১০,০০০  খ ১৫,০০০
গ ২০,০০০  ঘ ৩০,০০০

১৪. প্রদেয় ভ্যাটের পরিমাণ কত টাকা?
ক ১০,০০০  খ ১৫,০০০
গ ২০,০০০  ঘ ৩০,০০০

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. ভ্যাট-বিক্রেতার জন্য—
ক) আয়　　খ) ব্যয়
গ) সম্পদ　　ঘ) দায়

১৬. চলতি মূলধন নির্ণয়ের সূত্র কোনটি?
ক) স্থায়ীসম্পদ – চলতি সম্পদ
খ) দীর্ঘমেয়াদি দায় – চলতি সম্পদ
গ) মোট চলতি সম্পদ – মোট চলতি দায়
ঘ) মোট সম্পদ – মোট দায়

১৭. নিচের কোনটি অস্পর্শনীয় সম্পদ?
ক) শেয়ার অবহার　　খ) প্রাথমিক খরচ
গ) সুনাম　　ঘ) বিলম্বিত বিজ্ঞাপন

১৮. মূলধন কাঠামোভিত্তিক অনুপাত—
i. দায় মালিকানা অনুপাত
ii. মূলধন গিয়ারিং অনুপাত
iii. বিনিয়োজিত মূলধনের আবর্তন অনুপাত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

১৯. কোনটি প্রত্যক্ষ খরচ নয়?
ক) পরিবহন　　খ) শুল্ক
গ) মজুরি　　ঘ) বিক্রয় পরিবহন

২০. ব্যবহৃত কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি + অন্যান্য প্রত্যক্ষ খরচ = ?
ক) ব্যবসায়িক খরচ　　খ) মুখ্য ব্যয়
গ) বিক্রীত পণ্যের ব্যয়　　ঘ) উৎপাদন ব্যয়

২১. বিক্রীত পণ্যের ব্যয় বিবরণীতে প্রয়োজন হয়—
i. উৎপাদিত পণ্যের ব্যয়
ii. তৈরিকৃত পণ্যের প্রারম্ভিক মজুদ
iii. তৈরিকৃত পণ্যের সমাপনী মজুদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২২. যখন পণ্যের মূল্য ক্রমশই বৃদ্ধি পেতে থাকে তখন মজুদ খতিয়ানের কোন পদ্ধতি ব্যবহার করা হয়?
ক) FIFO
খ) LIFO
গ) Simple Ave. Method
ঘ) Weigh. Ave. Method

২৩. পচনশীল পণ্যের ক্ষেত্রে কোন পদ্ধতির মাল খতিয়ান প্রযোজ্য?
ক) FIFO　　খ) LIFO
গ) Simple Average　　ঘ) Weg. Ave.

উদ্দীপকটি পড়ো এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
প্রারম্ভিক মজুদ ১০০ একক
পণ্য ক্রয় ২৫০ একক
বিক্রয় ২৮০ একক
ঘাটতি ১০ একক

২৪. সমাপনী মজুদ কত একক?
ক) ৬০ একক　　খ) ৭০ একক
গ) ২৫০ একক　　ঘ) ২৮০ একক

২৫. কারখানার ভাড়া কোন জাতীয় ব্যয়?
ক) স্থায়ী ব্যয়
খ) উৎপাদন ব্যয়
গ) পরিবর্তনশীল ব্যয়
ঘ) আধা পরিবর্তনশীল ব্যয়

২৬. পরোক্ষ কাঁচামাল + পরোক্ষ শ্রম + অন্যান্য পরোক্ষ ব্যয় = ?
ক) মোট ব্যয়　　খ) উৎপাদন ব্যয়
গ) মুখ্য ব্যয়　　ঘ) মোট উপরিব্যয়

২৭. সালেসম্যানের কমিশন কোন জাতীয় ব্যয়—
ক) প্রত্যক্ষ　　খ) পরোক্ষ
গ) বিক্রয় উপরিব্যয়　　ঘ) অফিস উপরিব্যয়

২৮. বাজেট ছাড়া কোনটি সম্ভব নয়?
ক) পরিকল্পনা
খ) আর্থিক বিবরণী প্রণয়ন
গ) বাজেট নিয়ন্ত্রণ
ঘ) সমন্বয় সাধন

২৯. নিরাপত্তা প্রান্ত হলো—
ক) মোট বিক্রয় – পরিবর্তনশীল ব্যয়
খ) মোট বিক্রয় – স্থির ব্যয়
গ) মোট বিক্রয় – মুনাফা
ঘ) মোট বিক্রয় – বি ই পি বিক্রয়

৩০. বিক্রয় বাজেটের পর কোন বাজেট তৈরি করা হয়?
ক) উৎপাদন বাজেট
খ) মূলধন বাজেট
গ) নগদ বাজেট
ঘ) প্রত্যক্ষ মজুরি বাজেট

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com